

যুগান্তর

তারিখ :
পৃষ্ঠা : ২-০ কলাম : ২

এইচএসসি : আরও ৬৩০ জনকে বহিষ্কার

যুগান্তর রিপোর্ট

এইচএসসি পরীক্ষার ষষ্ঠ দিনে গতকাল সারাদেশে আরও ৬৩০ পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিম ও ফাজিল পরীক্ষায় বহিষ্কার হয়েছে পাঁচ শতাধিক পরীক্ষার্থী। দায়িত্বে অবহেলার জন্য দুই শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। তবে

কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন গতকাল হাতিয়া ও সন্দ্বীপের দুটি কেন্দ্র পরিদর্শনে যান। হাতিয়া দ্বীপ সরকারি কলেজের পরিবেশ দেখে তিনি সন্তোষ প্রকাশ করলেও সন্দ্বীপ এবি কলেজে নকল দেখে তিনি নাখোশ হন। সেখানে তিনি ৩০ জন পরীক্ষার্থীকে হাতে-নাতে নকল ধরে বহিষ্কার করেন। গতকাল রাজশাহীতে সর্বোচ্চ ৩২৮ বহিষ্কার : পৃষ্ঠা : ১৯ কলাম : ৩

বহিষ্কার : এইচএসসি

(শেষ পৃষ্ঠার পর)

জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এছাড়া ঢাকা বোর্ডে ৭২, কুমিল্লা বোর্ডে ৩৯, যশোর বোর্ডে ৪১, চট্টগ্রাম বোর্ডে ১১৩, বরিশাল বোর্ডে ২১ এবং সিলেট বোর্ডে ১৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। রাঙ্গামাটি ও ঝগড়াছড়ি জেলায় দু'জন শিক্ষক বহিষ্কৃত হয়েছেন। এছাড়া মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিম পরীক্ষায় ২৯টি জেলায় ১৩৬ এবং ফাজিল পরীক্ষায় ২৯টি জেলায় ৯৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।